২০০৫

বাংলা

প্রথম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা

পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। মঙ্গলকাব্য উদ্ভবের প্রেক্ষাপটটি আলোচনা করে প্রাক্-চৈতন্য পর্বের মনসামঙ্গল কাব্যধারার দু'জন কবির কৃতিত্বের পরিচয় দিন। ১৬

অথবা

বিদ্যাপতি বাংলা ভাষায় পদ রচনা করেন নি। কিন্তু বাংলা সাহিত্যের ইতিহাসে তাঁর আলোচনা প্রাসঙ্গিক। তাঁর পদাবলী আলোচনা করে বাংলা সাহিত্যের ইতিহাসে, তাঁর অন্তর্ভুক্তির কারণগুলি নির্ণয় করুন।

২। সপ্তদশ শতাব্দীর সাহিত্যধারায় যেমন পুরাতন বিষয়ের অনুবৃত্তি ঘটেছে তেমনি নতুন সাহিত্য-শাখার জন্ম হয়েছে। নতুন সাহিত্য শাখার যে-কোনো একটির পরিচয় দিয়ে মধ্যযুগের বাংলা সাহিত্যে তার স্বাতন্ত্র্যের দিকগুলি পর্যালোচনা করুন। ১৬

অথবা

অনুবাদ সাহিত্যের ধারায় মহাভারত অনুবাদকদের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে শ্রেষ্ঠ কবির কৃতিত্বের আলোচনা করুন।

৩। যে-কোনো **দু'টি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন ঃ

৫×২=১০

কবীন্দ্রবচন সমুচ্চয়, গৌরাঙ্গবিজয়, শূন্যপুরাণ, রামপ্রসাদ সেন।

২০০৫

বাংলা

দ্বিতীয় পাঠক্রম

সময়—দু' ঘণ্টা

পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। প্রাক্ বঙ্কিম যুগের যে সমস্ত রচনায় উপন্যাসের লক্ষণ পরিলক্ষিত হয় সেগুলি সম্পর্কে আলোচনা করুন। ১৬

অথবা

প্রহসন রচনায় দীনবন্ধু এবং মধুসূদনের সাফল্য নির্দেশ করুন।

২। আধুনিক বাংলা গীতিকাব্যের ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীর ভূমিকা নির্দেশ করুন। ১৬

অথবা

বাংলা গদ্যসাহিত্যের বিকাশে 'দিগদর্শন' (১৮১৮) থেকে 'বঙ্গ-দর্শন' (১৮৭২) পর্যন্ত প্রকাশিত গুরুত্বপূর্ণ সাময়িকপত্রগুলির অবদান আলোচনা করুন।

৩। যে কোনো **দুটি** প্রসঙ্গের আলোচনা করুনঃ ৫×২=১০

(ক) বাংলা গদ্যের বিকাশে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের অবদান।

(খ) বঙ্গভঙ্গ আন্দোলনের সঙ্গে বাংলা ঐতিহাসিক নাটকের সম্পর্ক।

(গ) (*i*) নাগরিক-লৌকিক সাহিত্যরূপে কবিগানের মূল্য।

(*ii*) কবিগানের সামাজিক পটভূমি।

(ঘ) রবীন্দ্রনাথের প্রথম পর্বের ছোটগল্পের কয়েকটি বৈশিষ্ট্য।

২০০৫

বাংলা

তৃতীয় পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা ভাষায় সন্নিকৃষ্ট স্বরধ্বনিগুলি কীরূপ পরিণতি লাভ করেছে দেখান। ১৬

অথবা

নব্য ভারতীয় আর্য ভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

২। বাংলা ভাষায় অতীতকাল কীভাবে গঠিত হয় আলোচনা করুন। ১৬

অথবা

বাংলা শব্দ ভাণ্ডারের উপাদানগুলির বিবরণ দিন।

৩। সংক্ষেপে আলোচনা করুন (যে কোনো **দুটি**)ঃ ৫×২

(ক) সম্মুখ ও পশ্চাৎ স্বরধ্বনি।

(খ) পালি ভাষা।

(গ) সংস্কৃত ও বৈদিক ভাষার পার্থক্য।

(ঘ) বাংলা ভাষায় লিঙ্গভেদ রীতির প্রকৃতি।

২০০৫

বাংলা

চতুর্থ পাঠক্রম

সময়—দুই ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। অন্যান্য প্রাদেশিক ভাষার দাবী খণ্ডন করে কীভাবে চর্যাগীতিকে প্রাচীন বাংলা ভাষার সাহিত্যকৃতি বলে গ্রহণ করা যায়—আলোচনা করুন। ১৬

অথবা

চর্যাগীতিগুলির মধ্যে সাধারণভাবে কী ধরনের রূপক ব্যবহৃত হয়েছে? ব্যবহৃত কতকগুলি রূপক ব্যাখ্যা করে চর্যাকারদের বক্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করুন।

২। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে কর্মতৎপর বড়াই চরিত্রের প্রকৃত ভূমিকা কী ব্যাখ্যা করুন। ১৬

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের 'রাধাবিরহ' যে প্রক্ষিপ্ত নয় তা কেমনভাবে প্রমাণ করা যায়, আলোচনা করুন।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিনঃ ৫

(ক) চর্যাগীতিগুলির টীকার নাম কী? টীকার রচয়িতার নাম কী? কীভাবে তাঁর নাম জানা গেল?

অথবা

ব্যাখ্যা করুন ঃ

গুরুবাক পুঙআ বিন্ধ ণিঅ মণে বাণেং।
একে সর সন্ধাণেং বিন্ধহ বিন্ধহ পরম নিবাণেং॥

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' নামকরণের যৌক্তিকতা বিশ্লেষণ করুন। ৫

অথবা

ব্যাখ্যা করুন ঃ

পালিল বড়ায়ি আহ্মে বচন তোহ্মারে।
এবেং মেলাণী দেহ আহ্মারে॥
সাঁঝ উপসন্ন ভৈল বনের ভিতরে।
রাধা লঞাঁ ঝাঁট বিনএ যাহা ঘরে॥

——

২০০৫

বাংলা

পঞ্চম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা

পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের আদিলীলা চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে 'চৈতন্যের অবতার তত্ত্ব' আলোচনা করুন। ১৬

অথবা

সাধ্য-সাধন তত্ত্বে 'প্রেমভক্তি'-ই সাধনার চূড়ান্ত পর্যায়। 'চৈতন্য-চরিতামৃত'-এর মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে বিষয়টি বিশদ-ভাবে ব্যাখ্যা করুন।

২। বৈষ্ণবপদাবলীতে 'পূর্বরাগ'-এর সংজ্ঞা কি? পূর্বরাগ পর্যায়ে বিদ্যাপতি ও চণ্ডীদাসের রচিত পদের আবেদন পৃথক—উপযুক্ত দৃষ্টান্ত সহকারে মন্তব্যটি আলোচনা করুন। ১৬

অথবা

বৈষ্ণবপদাবলীতে 'আক্ষেপানুরাগ' 'অনুরাগ' পর্যায়েরই বিশেষ একটি মানসিক অবস্থা। আর জ্ঞানদাস ঐ দুই পর্যায়েরই বিশিষ্ট কবি। উদাহরণযোগে কবির বৈশিষ্ট্য বিবৃত করুন।

৩। নিম্নলিখিত প্রসঙ্গগুলির আলোচনা করুনঃ ৫+৫=১০

(ক) "কৃষ্ণের প্রতিজ্ঞা এক আছে পূর্ব্ব হৈতে—।
যে যৈছে ভজে, কৃষ্ণে তারে ভজে তৈছে॥"

—প্রসঙ্গ উল্লেখসহ পংক্তি দুটির ব্যাখ্যা করুন।

অথবা

'জ্ঞানমিশ্রাভক্তি' ও 'জ্ঞানশূন্যভক্তি'-র পার্থক্য নির্দেশ করে কে স্তরে কোন্‌টি অবস্থিত তা দেখান।

(খ) দৃষ্টান্ত সহযোগে 'আত্মনিবেদন' পর্যায়ের বৈশিষ্ট্য ব্যক্ত করুন।

অথবা

বিদ্যাপতির 'ভাবসম্মিলন' পর্যায়ের বৈশিষ্ট্য আলোচনা করুন।

২০০৫

বাংলা

ষষ্ঠ পাঠক্রম

সময়—দু ঘণ্টা | পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে দেবদেবী চরিত্রে দৈবী মহিমা রক্ষিত হয়েছে কিনা আলোচনা করুন। ১৬

অথবা

দৌলত কাজী ছিলেন রাজসভার কবি। তাঁর কাব্যে রাজসভা-কবির বৈশিষ্ট্য কতটা প্রকাশিত হয়েছে আলোচনা করে দেখান।

২। দক্ষযজ্ঞবিনষ্টকারী শিব, বিবাহসভায় বর শিব, ভিখারী শিব, বিতর্কপরায়ণ শিব—'অন্নদামঙ্গল' কাব্যের শিব চরিত্রের এই চারটি চিত্র পুরাণাশ্রিত হলেও তাতে সংমিশ্রিত হয়েছে কবির সমকালীন সমাজভাবনা ও ব্যক্তিজীবনের উপলব্ধি। —আলোচনা করুন। ১৬

অথবা

ভারতচন্দ্র ছিলেন রূপ-সচেতন নির্মাতা। তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যের ক্ষেত্রে এই মন্তব্য কতটা যুক্তিসিদ্ধ?

৩। যে কোন দু'টি প্রশ্নের উত্তর দিন-ঃ ৫×২=১০

(ক) "শ্বশুর করিল বাদ তোমার লাগিয়া।
অভাগিনী কি করিব রজনী জাগিয়া॥

—কার কেন একথা মনে হয়েছে?

(খ) 'লোরচন্দ্রাণী' গ্রন্থে 'বারমাসী' অংশ অঙ্কনে কৃতিত্ব কতখানি ?

(গ) 'লোরচন্দ্রাণী' কাব্যে যোগী চরিত্রের গুরুত্ব বিচার করুন।

(ঘ) ঈশ্বরী পাটনী ও হরিহোড় দুজনেই দরিদ্র; কিন্তু একজন প্রসন্ন ও নির্লোভ এবং অপরজন চতুর ও কৌশলী। — আপনি কি এই মন্তব্যের সঙ্গে সহমত পোষণ করেন ?

২০০৫

বাংলা

সপ্তম পাঠক্রম

সময়—দুই ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। মেঘনাদবধ কাব্যে নারীচরিত্র নির্মাণে মধুসূদন দত্তের কৃতিত্বের পরিমাপ করুন। ১৬

অথবা

মোহিতলালকে দেহবাদী কবি বলা যায় কিনা—আলোচনা করুন।

২। জীবনানন্দের কবিতায় ইতিহাসচেতনা বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করুন। ১৬

অথবা

পঠিত কবিতাগুলি অবলম্বনে বিষ্ণু দে এবং অমিয় চক্রবর্তীর কাব্যবৈশিষ্ট্য নিরূপণ করুন।

৩। নিম্নলিখিত প্রসঙ্গগুলির আলোচনা করুন (যে কোন দুটি) ঃ ৫×২

(ক) কাকোদর সদা
নম্রশির কিন্তু তারে প্রহারয়ে যদি
কেহ, ঊর্ধ্বফণা ফণী দংশে প্রহারকে।'

প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করুন।

(খ) মোহিতলাল মজুমদারের কবিতায় বিদেশী দা
প্রভাব।

(গ) জীবনানন্দের কবিতায় অন্ধকারবাচক শব্দের ব্যবহা

(ঘ) বুদ্ধদেব বসুর 'মাছধরা' কবিতাটির তাৎপর্য।

২০০৫

বাংলা

অষ্টম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকের সার্থকতা বিচার করুন। ১৬

অথবা

'চাঁদ বণিকের পালা' নাটকে এক সর্পিল আঁধারের প্রসঙ্গ বারবার ফিরে এসেছে। এই সর্পিল আঁধার-এর তাৎপর্য কী?

২। নাট্যকারের উদ্দেশ্যমূলক দৃষ্টিভঙ্গি 'নবান্ন' নাটকটির শিল্পমূল্যের হানি ঘটিয়েছে কিনা বিচার করুন। ১৬

অথবা

প্রাচীন ভারতীয় উপাদানের সাহায্যে নাট্যকার কীভাবে 'তপস্বী ও তরঙ্গিণী' নাটকের আধুনিক অবয়ব গড়ে তুলেছেন তার বিস্তৃত পরিচয় দিন।

৩। যে কোনো **দুটি** প্রসঙ্গের আলোচনা করুন : ৫×২=১০

(ক) 'সাজাহান' নাটকে দিলদার চরিত্রের প্রাসঙ্গিকতা।

(খ) 'নবান্ন' নাটকের আর্থ-সামাজিক পটভূমি।

(গ) 'তপস্বী ও তরঙ্গিণী' নাটকে অংশুমান ও চন্দ্রকেতুর তুলনা।

(ঘ) 'চাঁদ বণিকের পালা' নাটকে ন্যাড়া চরিত্রের গুরুত্ব।

২০০৫

বাংলা

নব[illegible] পাঠক্রম

সময়—দুই ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

১। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন : ৪২

(ক) মধ্যযুগের প্রণয়াখ্যানকেন্দ্রিক কাব্যধারা।

(খ) প্রাকচৈতন্য কৃষ্ণকথায় লৌকিকতা ও দৈবী ভাবনার রূপ।

(গ) উনিশ শতকের বাংলা নক্সা সাহিত্য থেকে উপন্যাস ধারার বিকাশক্রম।

(ঘ) বাংলা মহাকাব্য ধারার উদ্ভব ও বিলয়ের ইতিবৃত্ত।

(ঙ) মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্প উপন্যাসে মানবজীবনের রূপ।

(চ) স্বাদেশিকতা ও বাংলা নাটকে তার প্রতিক্রিয়া।

———